

ঢাকা ওয়াসা

- ১) ২০২৪-২৫ অর্থ-বছরের প্রাক্কলিত বাজেটের কপি।
- ২) ক্যালকুলেশন শীট।
- ৩) প্রাক্কলন।

বিষয়: Removal of Sewerage over-flow and Re-Fitting of 2(Two) Nos Manhole Cover at H#43, Sher Shah suri Road, H#1/14, Asad Avenue, H#1/16, Humayon Road and H# 81/ka & 136/ka PC culture under MODS Zone-3, Dhaka WASA শীর্ষক কাজ অনুমোদন প্রসংগে।

১) উপরিউক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৩ এর আওতাধীন হোল্ডিং নং-৪৩, শের শাহ সুরি রোড, হোল্ডিং নং-১/১৪, আসাদ এভিনিউ, হোল্ডিং নং-১/১৬, হুমায়ুন রোড হতে স্যুয়ারেজ লাইনের স্যুয়ার ওভার-ফ্লো এবং হোল্ডিং নং-১৩৬/ক, পিসি কালচার হাউজিং হতে ম্যানহোল কভার মিসিং এর অভিযোগ পাওয়া যায়। সেই প্রেক্ষিতে বর্ণিত সাইট সমূহ সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনে দেখা যায় উক্ত হোল্ডিং নং-৪৩, শের শাহ সুরি রোড, হোল্ডিং নং-১/১৪, আসাদ এভিনিউ, হোল্ডিং নং-১/১৬, হুমায়ুন রোড এ রাস্তায় ঢাকা ওয়াসার স্যুয়ারেজ লাইনের মেনহোল হতে স্যুয়ার ওভার-ফ্লো হচ্ছে এবং হোল্ডিং নং-৮১/ক ও হোল্ডিং নং-১৩৬/ক, পিসি কালচার হাউজিং এ দুটি ম্যানহোল ভেঙ্গে এর ঢাকনা উঠে গিয়েছে। স্যুয়ার ওভার-ফ্লো এর ফলে আশেপাশের এলাকার পরিবেশ নষ্ট হচ্ছে এবং ম্যানহোল কভার না থাকায় বুকিপূর্ণ অবস্থায় আছে, ফলে জনসাধারণের চলাচলে অসুবিধা হচ্ছে, সর্বপরি ঢাকা ওয়াসার ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে। বর্ণিত হোল্ডিং সমূহের সামনের রাস্তায় স্যুয়ার ওভার-ফ্লো নিরোসনের জন্য ম্যানহোল সমূহ পরিষ্কার ও উত্তোলিত ব্লাজ অপসারণ করা প্রয়োজন এবং মিসিং ম্যানহোল কভার ২(দুই)টি পুনঃস্থাপন করতে হবে।

২) উপরিউক্ত বর্ণনার আলোকে হোল্ডিং নং-৪৩, শের শাহ সুরি রোড, হোল্ডিং নং-১/১৪, আসাদ এভিনিউ, হোল্ডিং নং-১/১৬, হুমায়ুন রোড হতে স্যুয়ারেজ লাইনের স্যুয়ার ওভার-ফ্লো নিরোসন এবং হোল্ডিং নং-৮১/ক ও হোল্ডিং নং-১৩৬/ক, পিসি কালচার হাউজিং হতে ম্যানহোল কভার পুনঃস্থাপন কাজের জন্য একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। যাতে ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে মোট ৳৪৮,৬৮৭/- (আটচল্লিশ হাজার ছয়শত সাতাশি) টাকা মাত্র। কাজটি জরুরী বিবেচনায় পিপিআর-২০০৮ এর বিধি ৭৬(১)(ট) অনুযায়ী ঠিকাদারি প্রতিষ্ঠান M/S ANIKA BUILDERS এর সহিত সরাসরি চুক্তির (DPM) মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে। কাজের ব্যয়ভার অত্র মডস জোনের ২০২৫-২৬ অর্থবছরের প্রাক্কলিত বাজেটের “পয়ঃ লাইন রক্ষনাবেক্ষণ” (বাজেট কোড নং-01-04-002) খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটির প্রশাসনিক ও আর্থিক অনুমোদনের ক্ষমতা “প্রধান প্রকৌশলী” মহোদয়ের আওতাধীন।

৩) এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার আলোকে Removal of Sewerage over-flow and Re-Fitting of 2(Two) Nos Manhole Cover at H#43, Sher Shah suri Road, H#1/14, Asad Avenue, H#1/16, Humayon Road and H# 81/ka & 136ka PC culture under MODS Zone-3, Dhaka WASA শীর্ষক কাজটি বাস্তবায়নের জন্য নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারে;

- ক) উল্লেখিত কাজটি সম্পাদনের জন্য মোট মোট ৳৪৮,৬৮৭/- (আটচল্লিশ হাজার ছয়শত সাতাশি) টাকা মাত্রের প্রাক্কলনটির অনুমোদন;
- খ) আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৭৬(১)(ট) অনুযায়ী সরবরাহকারী প্রতিষ্ঠান “M/S ANIKA BUILDERS” এর সহিত সরাসরি চুক্তি পদ্ধতিতে (DPM) সম্পাদন করার অনুমোদন এবং
- গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৫-২৬ অর্থবছরের প্রাক্কলিত বাজেটের “পয়ঃ লাইন রক্ষনাবেক্ষণ” (বাজেট কোড নং-01-04-002) খাত হতে নির্বাহ করার অনুমোদন।

বর্ণিত প্রস্তাবসমূহ “প্রধান প্রকৌশলী” মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ’ল।

মোস্তাক আহমেদ
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩
ঢাকা ওয়াসা

মোঃ নজরুল ইসলাম খান
উপ-বিভাগীয় প্রকৌশলী
মডস জোন-৩, ঢাকা ওয়াসা।

জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
মডস জোন-৩ ঢাকা ওয়াসা

SE, MODS/Conch-1

মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

১১/০৮/২৫

আব্দুস সালাম
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।